62

০3 APR 1996

আজকের কাগজ

তারিখ ... ... ... ... ... ... ...
পৃষ্ঠা ৮ কলাম ২......

# রাঙ্গামাটি জেলায় অধিকাংশ শিক্ষক পদ শূন্য থাকায় প্রাথমিক শিক্ষা কার্যক্রম ব্যাহত

শামসুল আলম ঃ রাঙ্গামাটি জেলার অধিকাংশ কর্মকর্তার পদ শূন্য থাকার দরুন শিক্ষা বিভাগের কার্যক্রম ব্যাহত হচ্ছে। জেলার প্রাথমিক শিক্ষা ব্যবস্থা একেবারে নাজুক অবস্থায় রয়েছে। জেলা প্রাথমিক শিক্ষা বিভাগের শিক্ষা কর্মকর্তার অধিকাংশ পদগুলো দীর্ঘদিন যাবৎ শূন্য অবস্থায় রয়েছে। রাঙ্গামাটি প্রাথমিক শিক্ষা বিভাগের একটি সূত্রে জানা যায়, রাঙ্গামাটি জেলার ১০টি থানার মধ্যে ৭টি থানায় প্রাথমিক শিক্ষা কর্মকর্তার পদ দীর্ঘদিন যাবৎ শূন্য রয়েছে।' এর মধ্যে রাঙ্গামাটি সদর, রাজস্থলী ও লংগদু থানা প্রাথমিক শিক্ষা কর্মকর্তার পদ শূন্য রয়েছে। ফলে এসব এলাকায় প্রাথমিক শিক্ষা দারুণভাবে ব্যাহত হচ্ছে। এলাকার হাজার হাজার শিশু প্রাথমিক শিক্ষা থেকে বঞ্চিত হচ্ছে। অন্যদিকে থানা শিক্ষা কর্মকর্তার পাশাপাশি প্রায় সব থানায় সহকারি থানা প্রাথমিক শিক্ষা কর্মকর্তার পদও শূন্য রয়েছে। বর্তমানে জেলায় মোট ১৯টি সহকারি থানা শিক্ষা কর্মকর্তার পদ থাকলেও ৮টি পদই শূন্য। আবার অধিকাংশ সহকারি থানা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা ভারপ্রাপ্ত থানা শিক্ষা কর্মকর্তা হিসেবে দায়িত্ব পালন করার কারণে সহকারি থানা কর্মকর্তার পূর্ণ ৭টি পদই বর্তমানে শূন্য। দুর্গম পার্বত্য জেলা রাঙ্গামাটির যোগাযোগ ব্যবস্থার কারণে এমনিতে কাজ করা কষ্টকর তার উপর অধিকাংশ কর্মকর্তার পদ শূন্য থাকার কারণে সদর থানা ছাড়া বাকি সব থানা প্রাথমিক শিক্ষায় কার্যক্রম ঝিমিয়ে পড়েছে। বিদ্যালয়গুলোতে নিয়মিত পরিদর্শন কার্যক্রম চলে না বলে অভিযোগ রয়েছে। ১৯৯৫ সালে থানা শিক্ষা কর্মকর্তা কর্তৃক ১৯৮০টি বিদ্যালয় পরিদর্শন করার কথা থাকলেও গত বছর মাত্র ১৩৮৯টি বিদ্যালয় পরিদর্শন করা হয়। জেলার ও থানার প্রাথমিক শিক্ষার অগ্রগতির ব্যাপারে জেলা থানা শিক্ষা কর্মকর্তাদের গুরুত্বপূর্ণ ভূমিকা থাকলেও এখানে এসব শূন্যপদ পূরণ করার ব্যাপারে উর্ধ্বতন কর্তৃপক্ষের নীরব ভূমিকা জেলার শিক্ষিত সচেতন মহলকে চরমভাবে ক্ষুব্ধ করে তুলেছে।